যুগান্তর

তারিখ ... 17 AUG 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

### ব্রিটিশ কাউন্সিলের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর

# সব গণগ্রন্থাগার ডিজিটাল হচ্ছে

**সাংস্কৃতিক রিপোর্টার**

ডিজিটাল করা হচ্ছে দেশের সব গণগ্রন্থাগারকে। প্রথম পর্যায়ে ২৫টি গণগ্রন্থাগার এবং শিশু একাডেমি গ্রন্থাগার, ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও এনজিওর ৫টিসহ মোট ৩০টি গ্রন্থাগারকে ডিজিটাল করা হবে। আর এ জন্য ব্রিটিশ কাউন্সিলের মাধ্যমে অর্থায়ন করছে বিল অ্যান্ড মিলিন্ডা গেটস ফাউন্ডেশন। পাঁচ বছর মেয়াদি এ প্রকল্পের জন্য ২৪ থেকে ২৮ কোটি টাকা দেবে ফাউন্ডেশনটি। মঙ্গলবার এ বিষয়ে গণগ্রন্থাগার অধিদফতরের সঙ্গে ব্রিটিশ কাউন্সিলের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে অধিদফতরের পক্ষে মহাপরিচালক আশীষ কুমার সরকার ও কাউন্সিলের পক্ষে কান্ট্রি ডাইরেক্টর বারবারা উইকহাম। এ সময় সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর, সংস্কৃতি সচিব আক্তারী মমতাজ, প্রকল্প পরিচালক দিদারুল আলম উপস্থিত ছিলেন।

স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে সংস্কৃতিমন্ত্রী বলেন, আমাদের দেশে প্রচুর গ্রন্থাগার আছে, কিন্তু পাঠকের অভাব রয়েছে। অনেক গ্রন্থাগারে শিক্ষার্থীরা যান, কিন্তু তা তাঁদের পরীক্ষা ও চাকরির পরীক্ষার প্রস্তুতি নিতে। এ অবস্থা থেকে উত্তরণ এবং পাঠককে গ্রন্থাগারমুখী এবং গ্রন্থাগারগুলোর মান উন্নয়ন করা প্রয়োজন। শিক্ষার্থীদের যদি গ্রন্থাগারমুখী করা যায়, তাহলে তারা জঙ্গিবাদের কুফল সম্পর্কে জানতে পারবে।

অনুষ্ঠানে জানানো হয়, এ প্রকল্পের আওতায় গ্রন্থাগার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি, ভবিষ্যৎ গ্রন্থাগারের কর্মপরিকল্পনা প্রণয়নের কাজ করা হবে। প্রাথমিকভাবে ১৮ মাসের জন্য পাইলট প্রকল্প নেয়া হয়েছে। যার জন্য বিল অ্যান্ড মিলিন্ডা গেটস ফাউন্ডেশন প্রাথমিকভাবে ১৪ কোটি ৪০ লাখ টাকা দেবে। এর ফলাফলের ওপর নির্ভর করে পরবর্তী পর্যায়ের কর্মপরিকল্পনা নির্ধারণ হবে। সেক্ষেত্রে পাঁচ বছর মেয়াদি এ প্রকল্পের জন্য ফাউন্ডেশন ২৪ থেকে ২৮ কোটি টাকা দেবে বলে মৌখিকভাবে জানিয়েছে।